# তারেক রহমানকে ঈদের শুভেচ্ছা জানিয়ে নরেন্দ্র মোদীর চিঠি



তারেক রহমান ও নরেন্দ্র মোদী। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানকে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৃহস্পতিবার (১৯ মার্চ) ঢাকায় অবস্থিত ভারতীয় হাইকমিশন এ তথ্য নিশ্চিত করেছে।

হাইকমিশন জানায়, প্রধানমন্ত্রী তারেক রহমান-এর উদ্দেশে পাঠানো চিঠিতে মোদী ঈদের আন্তরিক শুভেচ্ছা জানান। তিনি লেখেন, ভারত সরকার ও দেশবাসীর পক্ষ থেকে বাংলাদেশ ও তার জনগণের প্রতি শুভেচ্ছা ও অভিনন্দন রইল এই আনন্দঘন উৎসবে।

চিঠিতে মোদী উল্লেখ করেন, গত এক মাস ধরে ভারতসহ বিশ্বের বিভিন্ন স্থানে মুসলমানরা পবিত্র রমজান মাস ইবাদত, সংযম ও প্রার্থনার মাধ্যমে পালন করেছেন।

তিনি বলেন, ঈদুল ফিতর মানুষের মধ্যে সহমর্মিতা, ভ্রাতৃত্ববোধ ও ঐক্যের চিরন্তন শিক্ষা স্মরণ করিয়ে দেয়। একই সঙ্গে বিশ্ববাসীর শান্তি, সম্প্রীতি, সুস্বাস্থ্য ও কল্যাণ কামনা করেন তিনি।

LENS ASIA

বার্তার শেষাংশে মোদী আশা প্রকাশ করেন, বাংলাদেশ ও ভারতের পারস্পরিক বন্ধুত্ব এবং সৌহার্দ্যের সম্পর্ক ভবিষ্যতে আরও শক্তিশালী হবে। পাশাপাশি তিনি তারেক রহমানের প্রতি সর্বোচ্চ সম্মানও জ্ঞাপন করেন।